

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ বিজ্ঞপ্তি/২০২৬/২৫১৩

১১ এপ্রিল ২০২৬

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবি রিজেন্ট বোর্ডের ৬৯তম সভা অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) রিজেন্ট বোর্ডের ৬৯তম সভা অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার (১১ এপ্রিল ২০২৬) রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

সভার শুরুতে রিজেন্ট বোর্ডের সদস্যদের ধন্যবাদ জ্ঞাপন করেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। এ সময় উপাচার্য বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক উন্নয়নে সদস্যদের মূল্যবান মতামত ও পরামর্শ গ্রহণ করেন। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের চলমান উন্নয়ন কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা এবং ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে সভায় মতবিনিময় হয়। পরে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা ও অবকাঠামোগত উন্নয়নে সকলের সহযোগিতা কামনা করেন উপাচার্য।

সভায় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরীসহ রিজেন্ট বোর্ডের অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।



ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪